



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল



স্মারক নং বশিবো/কলেজ/অনুঃ/২০২৩/২ (১৬-৯)

তারিখ : ২৯/০৮/২০২৩

বিষয় : অর্থনীতি বিষয়ে প্রাথমিক স্বীকৃতি প্রদান।

সূত্র : কলেজের মঞ্জুরী কমিটির ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানাচ্ছি যে, পূর্ব হোসনাবাদ ডিগ্রী কলেজ, ডাক: গাছুয়া, উপজেলা: মুলাদী, জেলা: বরিশাল এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে অর্থনীতি বিষয় ০১/০৭/২০২৩ থেকে ৩০/০৬/২০২৪ পর্যন্ত প্রাথমিক স্বীকৃতি প্রদান করা হলো।

উক্ত বিষয়ের স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় স্বীকৃতি মেয়াদ বৃদ্ধি করা না হলে স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

বিষয় : অর্থনীতি

শর্তাবলী

- ০১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ০২। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে এবং ন্যূনতম ২৫জন পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে এর ৫০% পাস করতে হবে।
- ০৩। সরকারি অনুদান বা আর্থিক মঞ্জুরীর জন্য আবেদন করতে পারবে না বা কোন অনুদান দাবী করা যাবে না।
- ০৪। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে।
- ০৫। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে।
- ০৬। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে।
- ০৭। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ০৮। কলেজে একটি শহিদ মিনার করতে হবে।
- ০৯। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে।
- ১০। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে।
- ১১। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় এ আদেশ প্রত্যাহার বা স্থগিত করতে পারবে।
- ১২। পরবর্তী উচ্চমাধ্যমিক ভর্তির সময় কোন শিক্ষার্থীর ইচ্ছার বিরুদ্ধে ভর্তি করলে কলেজের স্বীকৃতি স্থগিত করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



(প্রফেসর ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৭৪৫


২০.০৮.২০২৩

অধ্যক্ষ

পূর্ব হোসনাবাদ ডিগ্রী কলেজ

ডাক: গাছুয়া

উপজেলা: মুলাদী

জেলা: বরিশাল।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।

৫। সংরক্ষণ নথি।